# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১২৬. সর্বপ্রথম জুমু'আ কোথায় পড়া হয়েছিল?

রাসূলুল্লাহ (সা.) সর্বপ্রথম জুমুআ পড়েছিলেন মদীনার কুবা ও মসজিদে নববীর মধ্যবর্তী ‘বনু সালেম ইবনে আউস' গোত্রে (ইবনু শাইবা, তারীখুল মদীনা: ১/৬৮)। বর্তমানে এ জায়গায় নির্মিত মসজিদটির নাম ‘মসজিদে জুমু'আ। এরপর তিনি (সা.) মসজিদে নববীতে জুমু'আ আদায় শুরু করেন। বর্তমান সৌদি আরবের পূর্ব এলাকা বাহরাইনের একটি গ্রামের নাম ‘জুওয়াছা' (বুখারী: ৮৯২, ইফা ৮৪৮, আধুনিক ৮৪১)। এ এলাকায় আবদে কাইস গোত্রের বসতি ছিল। অতঃপর এখানে জুমু'আ পড়া শুরু হয়েছিল।

উল্লেখ্য যে, ঐ বাহরাইন বর্তমান রাষ্ট্র বাহরাইন নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13025

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন